

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৬২৯৩

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - এ উম্মতের [উম্মতে মুহাম্মাদী (সা.)-এর] সাওয়াবের বিবরণ

الْفَصْلُ الثَّالِثُ (بَابُ ثَوَابِ هَذِهِ)

আরবী

وَعَنْ ابْنِ عَبَّاسٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِنَّ اللَّهَ تَجَاوَزَ عَنْ أُمَّتِي الْخَطَأَ وَالنِّسْيَانَ وَمَا اسْتَكْرَهُوا عَلَيْهِ». رَوَاهُ ابْنُ مَاجَهَ وَالْبَيْهَقِيُّ

صحیح ، رواه ابن ماجه (2043) و البيهقي في السنن الكبرى (356 / 7) -
(صَحِيح لَطْرَقَه)

বাংলা

৬২৯৩-[১১] ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ (সা.) বলেছেন: আল্লাহ তা'আলা আমার উম্মতের ভুল-ভ্রান্তিসমূহ ক্ষমা করে দিয়েছেন এবং সে কাজটিও ক্ষমা করে দিয়েছেন, যে কাজটি তাদের দ্বারা জোরপূর্বক করানো হয়। (ইবনু মাজাহ ও বায়হাকী)

ফুটনোট

সহীহ ইবনু মাজাহ ২০৪৩, সহীহ আবু দাউদ ১৯১৫, মা'রিফাতুস সুনান ওয়াল আসার লিল বায়হাকী ৫৯৯৮, মুসান্নাফ আবদুর রাযযাক ২০৫৮৮, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ১৯০৫১, সহীহ ইবনু হিব্বান ৭২১৯, সুনানু দারাকুত্বনী ৩৩, হিলইয়াতুল আওলিয়া ৬/৩৫২, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১১১১০, আল মুজামুস সগীর লিত্ব তবারানী ৭৬৫, আল মু'জামুল আওসাত ৮২৭৩, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১১৭৮৭, আস্ সুনানুস সুগরা ২৮৩৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ইবনু মাজাহ এ হাদীসের উপর বাধ্য ও ভুলকারী ব্যক্তির ত্বলাক শিরোনামে অধ্যায় রচনা করেছেন। তিনি

বলেন, (باب طلاق المكره والناسي) অতঃপর এ হাদীসকে উল্লেখ করেন। এ হাদীস থেকে বুঝা গেল যে, বাধ্য ও ভুলকারী ব্যক্তিকে আল্লাহ তা'আলা ক্ষমা করেন। দুনিয়াবী ক্ষেত্রেও তা ক্ষমার। ভুলক্রমে তালাক দিলে অথবা বাধ্য হয়ে ত্বলাক দিলে তা গ্রহণযোগ্য হবে না। অনুরূপভাবে ভুলক্রমে ঘটে গেলেও। যেমন, মুখে আলহামদুলিল্লাহ-হ বলায় ইচ্ছা করেছে, কিন্তু বের হয়েছে (انتطالق)এক্ষেত্রেও তালাক হবে না। যারা ভুল-ত্রুটিকেও ত্বলাক পড়ার পক্ষে মতামত দেন, তাদের সিদ্ধান্ত এ হাদীসের আলোকে সঠিক নয়। (মিশকাতুল মাসাবীহ - মুস্বাই ছাপা, ৫ম খণ্ড, পৃ. ৩০২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86270>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন